

কেবল মাত্র রিলিফ বন্ড-এর বিনিময়ে ব্যাংক ঋণ

১৪ই ডিসেম্বর, ২০০২

সংবাদপত্রের কিছু অংশে আজ প্রকাশ করা হয় যে ভারতের রিজার্ভ ব্যাংক রিলিফ বন্ড-এর বিনিময়ে ঋণ অনুমোদন করতে ব্যাংকগুলিকে অনুমতি দিয়েছে।

রিজার্ভ ব্যাংক একথা পরিষ্কার করে দিয়েছে যে ভারত সরকারের নির্দেশ অনুযায়ী, ব্যাংকগুলি কেবল মাত্র রিলিফ বন্ড-এর বিনিময়েই ঋণ অনুমোদন করতে পারে। এই সুযোগ শতকরা ৭ ভাগ সেভিংস বন্ড, ২০০২-এর ক্ষেত্রে, যেটা অক্টোবর, ২০০২ সালে প্রবর্তিত একটি নতুন কর্মসূচি, প্রযোজ্য নয়।

শতকরা ৭ ভাগ সেভিংস বন্ড, ২০০২, যেটি এই বছর ১লা অক্টোবর প্রবর্তিত হয়, ব্যাংক, মূলধন বিনিয়োগকারী সংস্থাসমূহ এবং নন-ব্যাংকিং মূলধন বিনিয়োগকারী সংস্থাসমূহের থেকে নেওয়া ঋণের কোল্যাটেরাল হিসাবে উপযুক্ত নয়। শতকরা ৮ ভাগ রিলিফ বন্ড, ২০০২-এর মত শতকরা ৭ ভাগ সেভিংস বন্ড-এর ক্ষেত্রে বিনিয়োগ করার কোনও উচ্চ সীমারেখা নেই। যদিও, ইনকাম ট্যাক্স ও ওয়েলথ ট্যাক্স ছাড় দুইটির উপার্জিত সুদের উপরেই প্রযোজ্য।

আলপনা কিন্নাওয়াল
জেনারেল ম্যানেজার

প্রেস বিজ্ঞপ্তি: 2002-03/622